



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কৃষি সম্প্রসারণ অধিদপ্তর
খামারবাড়ি, ফার্মগেট, ঢাকা-১২১৫
www.dae.gov.bd

কৃষিই সমৃদ্ধি



স্মারক নম্বর: ১২.০১.০০০০.১১১.২১.০০৫.২১.১৪২৮

তারিখ: ১৩ ভাদ্র ১৪৩০

২৮ আগস্ট ২০২৩

বিষয়: আগামী জানুয়ারী-ডিসেম্বর/২০২৪ পর্যন্ত অবসর উত্তর ছুটি (পিআরএল) এ গমনকারী সহকারী কৃষি সম্প্রসারণ কর্মকর্তা/নাসারী তত্ত্বাবধায়ক/উদ্ভিদ সংগনিরোধ পরিদর্শক/সমমানের পদে কর্মরত কর্মকর্তাগণের তালিকা প্রেরণ প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে আপনার অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের নিমিত্তে জানানো যে, “সরকারি কর্মচারীগণের পেনশন সহজীকরণ আদেশ, ২০২০” এর ২.০৪ এর (ক) ধারা মোতাবেক কৃষি সম্প্রসারণ অধিদপ্তরে কর্মরত আগামী জানুয়ারী-ডিসেম্বর/২৩ পর্যন্ত অবসর উত্তর ছুটি (পিআরএল) এ গমনকারী সহকারী কৃষি সম্প্রসারণ কর্মকর্তা/নাসারী তত্ত্বাবধায়ক/উদ্ভিদ সংগনিরোধ পরিদর্শক/সমমানের পদে কর্মরত কর্মকর্তাগণের নামের তালিকা পর্যায়ক্রমে প্রকাশ করা হবে।

সে মতে আপনার উইং/অঞ্চলের অধীন কর্মরত সহকারী কৃষি সম্প্রসারণ কর্মকর্তা/নাসারী তত্ত্বাবধায়ক/উদ্ভিদ সংগনিরোধ পরিদর্শক/সমমানের পদে কর্মরত যারা আগামী জানুয়ারী-ডিসেম্বর/২৪ খ্রিঃ পর্যন্ত ৫৯ বছর পূর্তিতে অবসর উত্তর ছুটিতে (পিআরএল) গমন করবেন তাদের তালিকা নিম্নোক্ত ছক মোতাবেক জনাব উদয় রানা সিংহ, কল্যাণ কর্মকর্তা (উপজেলা কৃষি অফিসার), প্রশাসন ও অর্থ উইং, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, খামারবাড়ি, ঢাকা-১২১৫ এর ই-মেইলঃ wo@dae.gov.bd তে আগামী ১৪ইং সেপ্টেম্বর-২০২৩ খ্রি. তারিখের মধ্যে আবশ্যিকভাবে প্রেরণ করার জন্য অনুরোধ করা হলো। তালিকা অবশ্যই MS Word এবং Nikosh Font এ মেইল করতে হবে, কোন হার্ড কপি অথবা পিডিএফ প্রেরণের প্রয়োজন নাই।

উল্লেখ্য যে, উক্ত তারিখের মধ্যে প্রয়োজনীয় তথ্যাদি প্রেরণে ব্যর্থ হলে সংশ্লিষ্ট কর্মকর্তার পিআরএল, লাম্পগ্রান্ট এবং পেনশনসহ অন্যান্য কার্যাদি সম্পাদনে জটিলতার সৃষ্টি হলে তার দায় সংশ্লিষ্ট কর্মকর্তাকে বহন করতে হবে। এ সংক্রান্ত যে কোন প্রয়োজনে জনাব উদয় রানা সিংহ, কল্যাণ কর্মকর্তা (উপজেলা কৃষি অফিসার) এর মোবাইল নম্বর-০১৭০১২৪৭৯৯৯ এবং টেলিফোন নম্বর-০২৫৫০২৮৬৬১ তে যোগাযোগ করা যেতে পারে।

ক্রঃনং	পরিচিতি নং(যদি থাকে)	পদবি ও কর্মস্থল	জন্ম তারিখ	৫৯ বছর পূর্তির তারিখ	পিআরএল গমনের তারিখ	পিআরএল গমনের তারিখে মূল বেতন	মোবাইল নম্বর


২৯-৮-২০২৩

বাদল চন্দ্র বিশ্বাস

মহাপরিচালক

বিতরণ :

- ১) পরিচালক (সকল), কৃষি সম্প্রসারণ অধিদপ্তর,
খামারবাড়ি, ঢাকা।
- ২) অতিরিক্ত পরিচালক (সকল অঞ্চল), কৃষি সম্প্রসারণ
অধিদপ্তর।



২৯-৮-২০২৩

মোঃ আনোয়ার হোসেন খান

উপপরিচালক (প্রশাসন)